

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 05-11-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**CM-Weavers :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন জনজাতিদের আর্থসামাজিক উন্নয়নে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ। গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্য হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্প দপ্তর আয়োজিত মুখ্যমন্ত্রী জনজাতি মহিলা তাঁতি উন্নয়ন কর্মসূচির অন্তর্গত সূতা বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করতে গিয়ে তিনি একথা বলেন। তিনি বলেন, মুখ্যমন্ত্রী জনজাতি বিকাশ যোজনায় ৯ হাজার ৩২৬ জন সুবিধা ভোগীদের ইতিমধ্যে ২৫ হাজার টাকা করে আর্থিক অনুদান দেওয়া হয়েছে। তাছাড়া সরকার সিদ্ধান্ত নিয়েছে শীঘ্রই ১০০শয্যা বিশিষ্ট ৩টি এবং ৫০ শয্যা বিশিষ্ট ৭টি জনজাতি ছাত্রছাত্রীদের জন্য হোস্টেল নির্মাণ করা হবে।

##### Byte CM #####

অনুষ্ঠানে মহিলা তাঁতিদের মধ্যে ১ কেজি ২৫০ গ্রাম করে সূতা বিতরণ করা হয়।

\*\*\*\*\*

**Bihar Election :**

বিহার বিধানসভা নির্বাচনের প্রথম পর্বের প্রচার গতকাল সন্ধ্যায় শেষ হয়েছে। প্রথম পর্যায়ে, আগামীকাল ১৮টি জেলার ১২১টি বিধানসভা আসনে ভোটগ্রহণ করা হবে। এই পর্বে মোট এক হাজার ৩১৪ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন তিন কোটি ৭৫ লক্ষেরও বেশি ভোটার। প্রথম পর্বের জন্য

নির্বাচন কমিশন ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে। দ্বিতীয় পর্যায়ে, ২০টি জেলার ১২২টি বিধানসভা আসনে এই মাসের ১১ তারিখে ভোটগ্রহণ হবে এবং ভোট গণনা হবে আগামী ১৪ নভেম্বর।

\*\*\*\*\*

### **Election Commission of India:**

নির্বাচন কমিশন ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্টে ২০২৫ সালের আন্তর্জাতিক নির্বাচন পর্যবেক্ষক কর্মসূচী শুরু করেছে। কর্মসূচীর অংশ হিসেবে, ফ্রান্স, দক্ষিণ আফ্রিকা, বেলজিয়াম, ইন্দোনেশিয়া, ফিলিপাইন, থাইল্যান্ড এবং কলম্বিয়া সহ সাতটি দেশের মোট ১৪ জন অংশগ্রহণকারী আগামীকাল বিহারের বিধানসভা নির্বাচনের প্রথম পর্যায়ের ভোটগ্রহণ প্রত্যক্ষ করবেন।

নির্বাচন কমিশন জানিয়েছে যে এই কর্মসূচীতে, প্রতিনিধিরা বিহার সফর কালে, ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) প্রেরণ কেন্দ্রগুলি পরিদর্শন করবেন।

\*\*\*\*\*

### **Governor Visit :**

রাজ্যপাল ইন্ড্রসেনা রেড্ডি নাল্লু সীমান্ত সুরক্ষায় বি.এস.এফের ভূমিকার ভূয়সী প্রশংসা করেছেন। তিনি বলেন, সীমান্তে বি.এস.এফের সতর্ক প্রহড়ার কারণে জনগন সুরক্ষিত। গতকাল ঊনকোটি জেলার সীমান্ত এলাকা পরিদর্শনকালে বি.এস.এফের আধিকারিক ও জওয়ানদের সঙ্গে আলোচনার সময় তিনি একথা বলেন। তিনি কৈলাশহরের সীমান্তবর্তী রাজ্জাউটির বি.এস.এফের ৫৫ নম্বর দিয়ে ভারতীয় ভূখণ্ড থেকে ইন্দো-বাংলাদেশের সীমান্ত পর্যবেক্ষণ করেন। তিনি সীমান্ত সড়কপথ ও সীমান্তের কাঁটাতারের বেড়াও কৈলাশহরের লাটিয়াপুড়া

বি.এস.এফ ১৯৯ ব্যাটেলিয়ানের বি.ও.পি পরিদর্শন করেন। রাজ্যপাল সেখানে বি.এস.এফের এক প্রহরী সম্মেলন এ অংশ নেন।

আকাশবাণীকে দেওয়া এক সাক্ষাৎকারে রাজ্যপাল জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকারের লক্ষ্য, সীমান্ত এলাকায় ও দ্রুত উন্নয়নের কাজ এগিয়ে নিয়ে যাওয়া।

\*\*\*\*\*

### **Rash Utsab:**

আজ রাস পূর্ণিমা ও রাস উৎসব। ভগবান শ্রী কৃষ্ণের বৃন্দাবনে, রাধারানীসহ সখীদের সঙ্গে রাস নৃত্যলীলা স্মরনে বিভিন্ন দেবালয়ে বিশেষ পূজার্তনার আয়োজন করা হয়। রাজ্যেও বিভিন্ন মন্দির, দেবালয়ে রাস উৎসবের আয়োজন করা হয়। রাজ্যের মনিপুরী সম্প্রদায়ের কাছে রাস পূর্ণিমা বিশেষ এক তিথি।

আজ শিখ ধর্মগুরু, গুরু নানকের শুভ আবির্ভাব তিথি। রাজ্যেও শিখ ধর্মাবলম্বীরা এই তিথি যথাযোগ্য মর্যাদায় পালন করছে।

\*\*\*\*\*

### **Governor/UNAKOTI:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল রাতে উনকোটি জেলার চন্ডিপুর ব্লকের অধীন ডলুগাঁও স্কুল মাঠে আয়োজিত মহা রাসলীলা উৎসবে অংশ নেন। এখানে রাজ্যপাল'কে স্বাগত জানান, রাজ্যের যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়। রাজ্যপাল এখানে পরিবেশিত মনোজ্ঞ নৃত্যানুষ্ঠান উপভোগ করেন।

\*\*\*\*\*

### **NMC-TMC :**

ন্যাশনাল মেডিকেল কমিশন ত্রিপুরা মেডিকেল কলেজে এম.বি.বি.এস কোর্সের আরো ৫০টি আসন অনুমোদন করেছে। এর ফলে ত্রিপুরা মেডিকেল কলেজে মোট আসন সংখ্যা বেড়ে দাঁড়াবে ১৫০টি। এই ৫০টি অতিরিক্ত আসন সহ রাজ্যে ৩টি মেডিকেল কলেজে মোট আসন সংখ্যা ৪৫০টি। ত্রিপুরা মেডিকেল কলেজের জন্য অতিরিক্ত আসন বরাদ্দ করায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে. পি. নাড্ডাকে ধন্যবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*

### **Programme by BSF:**

বিএসএফের ১৭৩ ব্যাটেলিয়ানের উদ্যোগে ছামনুতে ছাত্রছাত্রীদের এসএসসি পরীক্ষার জন্য প্রশিক্ষণ দেওয়া হয়েছে। গতকাল প্রশিক্ষণ অনুষ্ঠানে আলোচনা করেন কমান্ডেন্ট রবি শঙ্কর প্রসাদ। অনুষ্ঠানে ছাত্রছাত্রীদের খেলার বিভিন্ন সরঞ্জাম তুলে দেওয়া হয়।

\*\*\*\*\*

### **Weather:**

বাংলাদেশ ও সন্নিহিত এলাকার উপর ঘূর্ণাবর্ত তৈরি হওয়ায় আগরতলাসহ রাজ্যের বিভিন্ন অংশে বৃষ্টিপাত শুরু হয়েছে। আগরতলার আবহাওয়া দপ্তর থেকে আজ সকালে আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ অংশত মেঘলা থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩১ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.২ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*

